

আজিজুল ইসলাম বারী | জেলার খবর | 29 March, 2025

লালমনিরহাটে কলেজ ছাত্রীকে ধর্ষনের ভিডিও ধারণ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়ার ভয় দেখিয়ে ভুক্তভোগী পরিবারের নিকট ৫ লাখ টাকা দাবী করার অভিযোগে প্রাইভেট শিক্ষক আব্দুল রাজ্জাক (২৮) কে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।

বৃহস্পতিবার (২৭ মার্চ) রাতে জেলা পরিষদ মোড় এলাকার একটি বাড়ী থেকে গ্রেফতার করা হয় অভিযুক্তকে। এসময় তার ব্যবহৃত মোবাইল ফোন ও একটি ল্যাপটপ জব্দ করেন পুলিশ। অভিযুক্ত শিক্ষক আদিতমারী উপজেলার মহিষখোচা এলাকার মন্টু মিয়ার পুত্র।

জেলা পরিষদ মোড়ের একটি বাড়ীতে ২০১৯ সাল থেকে “ইকোনোমিক্স প্রাইভেট হোম” নামে একটি কোচিং সেন্টার চালু করেন আব্দুল রাজ্জাক। প্রাইভেট পড়ানোর আড়ালে পড়তে আসা একাধিক ছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে ফুঁসলিয়ে জোড়পূর্বক ধর্ষন করে গোপনে ভিডিও ধারণ করেন তিনি। পরে সেই ভিডিও দেখিয়ে একাধিক ধর্ষন করাসহ ভয়ভীতি দেখিয়ে মোটা অংকের টাকা হাতিয়ে নেওয়াই যেন তার মূল পেশা। এমন পরিস্থিতির শিকার ১৯ বছর বয়সী মেধাবী এক কলেজ ছাত্রীকে গত ১৫/১২/২০২২ইং তারিখে ওই কোচিং সেন্টারের পাশে জনৈক আফজাল ড্রাইভারের ৩ তলা বিশিষ্ট বাড়ীর (ভাড়া বাসার) একটি কক্ষে ডেকে নিয়ে জোড়পূর্বক ধর্ষন করেন ওই লম্পট শিক্ষক। পরে এ ঘটনার স্বীকৃতি ও ভিডিও চিত্রের পর্নোগ্রাফি তৈরী করে ৫ লাখ টাকা দাবী করেন ভুক্তভোগী ওই ছাত্রীর পরিবারের নিকট। তার কথামতো কাজ না হলে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভিডিও ছড়িয়ে দেয়ার হুমকি প্রদান করে আসছেন ওই শিক্ষক। লালমনিরহাট সদর থানায় অবহিত করলে রাতেই তাকে আটক করে পুলিশ। শত্রুবার বিকেলে ভুক্তভোগীর পিতা আলীমুল হক (৪৬) বাদী হয়ে আঃ রাজ্জাককে আসামী করে নিয়মিত আইনে একটি অভিযোগ দায়ের করেন।

লালমনিরহাট সদর থানার ওসি মোহাম্মদ নূরনবী জানান, আমরা প্রাথমিকভাবে ঘটনার সত্যতা পেয়েছি। তার কাছ থেকে জব্দকৃত মোবাইল ও ল্যাপটপে একাধিক মেয়ের সঙ্গে নগ্ন ছবি ও ভিডিও চিত্র পরিলক্ষিত হয়েছে। তিনি একজন সিরিয়াল রেপিষ্ট, আমরা তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবো।

ধর্ষন গ্রেফতার শিক্ষক